দৈনিক সংবাদ

তারিখ ৫/১২/২০০০
পৃষ্ঠা ৭ কলাম ৪

৭ ছাত্র বহিষ্কৃত

# ঢাবিতে শিক্ষিকার বিরুদ্ধে মিছিলে হামলা

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ইনকোর্স পরীক্ষায় অপ্রত্যাশিত নম্বর দেয়ার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ-বিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্রছাত্রীরা বিভাগের এক শিক্ষিকার বিরুদ্ধে মিছিল করলে একদল যুবক তাদের ওপর হামলায় চালায় এবং তাদের ব্যানার-ক্যামেরা ছিনিয়ে নেয়।

এ ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৭ জন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে সামরিকভাবে বহিষ্কার করেছে এবং চার সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছেন।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের ৩য় বর্ষের ছাত্রছাত্রীরা তাদের ইনকোর্স পরীক্ষায় ৫৬ জনকে অপ্রত্যাশিত নম্বর দেয়ার প্রতিবাদে বিভাগের শিক্ষিকা অধ্যাপিকা মাসুদা এম রশিদের বিরুদ্ধে মিছিল করলে একদল যুবক তাদের ওপর হামলা চালায় এবং তাদের কাছ থেকে ব্যানার ক্যামেরা ছিনিয়ে নেয়। এ ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৭ জন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করেছেন। বহিষ্কৃত ছাত্ররা হলো আপেল (সমাজবিজ্ঞান ২য় বর্ষ পুরাতন), আমিন (সমাজ বিজ্ঞান ২য় বর্ষ পুরাতন), তিতু (সমাজবিজ্ঞান ৩য় বর্ষ পুরাতন), রিয়াদ (দর্শন ৩য় বর্ষ নতুন), আশরাফ বাবু (সমাজ বিজ্ঞান ৩য় বর্ষ নতুন), রুবেল (জহুরুল হক হল), তানি জহুরুল হক হল।

এদিকে উক্ত ঘটনা তদন্ত করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রো-ভিসি অধ্যাপক মো. শাহাদত আলীকে আহ্বায়ক করে চার সদস্যার একটি তদন্ত কমিটি গঠন করেছেন।